

হজযাত্রীদের জন্য জরুরি বার্তা বিমানের

- A Monitor Desk Report

Date: 12 June, 2025



ঢাকাঃ হজযাত্রীদের জন্য জরুরি বার্তা দিয়েছে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। এতে, হজযাত্রীদের ফিরতি যাত্রাসহ যাবতীয় কার্যক্রমের জন্য ঢাকা, চট্টগ্রাম ও সিলেটে বিমানের বিক্রয়কেন্দ্রে এবং অতি জরুরি প্রয়োজনে জেদ্দা বা মদিনার অফিসে যোগাযোগ করতে বলা হয়েছে।

বুধবার (১১ জুন) বিমান বাংলাদেশ এয়ারলাইন্স এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়।

বিমান কর্তৃপক্ষ জানিয়েছে, প্রতিবছর হজযাত্রীরা হজ পালন শেষে ফিরতি যাত্রা সুষ্ঠু, সুন্দর এবং নিরবিচ্ছিন্ন করার জন্য মক্কা ও মদিনায় অস্থায়ী অফিস স্থাপন করা হয়। এরই ধারাবাহিকতায় এবারও বিমান বাংলাদেশ এয়ারলাইন্স মক্কা ও মদিনায় অস্থায়ী অফিস স্থাপনের জন্য যাবতীয় প্রস্তুতি গ্রহণ করেছে।

এতে বলা হয়, ‘সম্প্রতি সৌদি আরবের ভিসা নীতিমালায় বাংলাদেশসহ ১৪টি দেশের নাগরিকদের জন্য সাময়িক ভিসা নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। যার ফলে বিমানের কর্মকর্তা-কর্মচারীরা সৌদি ভিসা আবেদনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন করা সত্ত্বেও এখন পর্যন্ত তারা হাজীদের সেবায় দেশটিতে যেতে পারছেন না।’

হজযাত্রীদের ফিরতি যাত্রায় টিকিট পরিবর্তনসহ যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হজ এজেন্সি ও প্রতিনিধিদের নিম্নলিখিত ঠিকানায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগের অনুরোধ করা হয়েছে।

এছাড়া, অতি জরুরি প্রয়োজনে বিমান জেদ্দা সিটি অফিস বা বিমান মদিনা সিটি অফিসে যোগাযোগ করা যেতে পারে।

বিজ্ঞপ্তিতে দেওয়া ঠিকানা

জেলা বিক্রয় অফিস, মতিঝিল, ঢাকা

বিমান ভবন

মতিঝিল, ঢাকা, বাংলাদেশ।

ফোন: +৮৮০২-২২৩৩৫৭০০২, +৮৮০১৭২৭৯৯০৯২২

ই-মেইল: hajjcelldso@biman.gov.bd

জেলা বিক্রয় অফিস, চট্টগ্রাম

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, চট্টগ্রাম

বিমান ভবন, ১/২ সিডিএ এভিনিউ, পূর্ব নাসিরাবাদ, চট্টগ্রাম।

ই-মেইল: cgpou@biman.gov.bd

ফোন: +৮৮০১৭৭৭৭১৫৭০০

+৮৮০১৭৭৭৭১৫৭২৩

+৮৮০১৭৭৭৭১৫৭২৫

জেলা বিক্রয় অফিস, সিলেট

বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সিলেট বিমান ভবন, মজুমদারি, এয়ারপোর্ট রোড, সিলেট।

ই-মেইল: zyluu@biman.gov.bd

ফোন: +৮৮০১৭৭৭৭১৫৭১০

+৮৮০১৭২৫২৩৫৬৬৪

-B